# হোয়াইট পেপার

## প্লাসনেট কমিউনিকেশন এ আপনাকে স্বাগতম

আমাদের সকল সার্ভিসেস সমূহের ব্যবহারবিধি এবং সঠিক পেমেন্ট পদ্ধতি সম্পর্কে অবগত হতে এই হোয়াইট পেপারটি সম্পূর্ণ পড়ুন এবং ভবিষ্যৎ প্রয়োজনে সংরক্ষণ করুন।

## কিভাবে পেমেন্ট করবেন?

আপনি দুটি পদ্ধতিতে আমাদের বিল পরিশোধ করতে পারেনঃ

১. বিকাশ
২. ডিজিটাল পেমেন্ট

**১. বিকাশঃ**
বিকাশের মাধ্যমে খুব সহজে আপনি আপনার বিল পরিশোধ করতে পারেনঃ
ক. প্রথমে আপনার মোবাইল থেকে বিকাশ অ্যাপটি ওপেন করুন।
খ. পে-বিল অপশন সিলেক্ট করুন।
গ. Plusnet Inc লিখে সার্চ করুন তারপর Plusnet Inc সিলেক্ট করে আপনার কাস্টমার আইডি দিয়ে পেমেন্টটি সম্পূর্ণ করুন।

আপনি চাইলে ম্যানুয়াল পদ্ধতিতেও বিকাশের মাধ্যমে আমাদের পেমেন্ট করতে পারবেন সে জন্য যেকোনো বিকাশ এজেন্ট থেকে অথবা আপনার ব্যাক্তিগত বিকাশ হতেঃ
ক. *২৪৭# ডায়াল করুন।
খ. Payment অপশন সিলেক্ট করুন।
গ. আমাদের মার্চেন্ট বিকাশ পেমেন্ট নাম্বার ০১৯৭৫৬০৫৫৫৬ টাইপ করুন।
ঘ. আপনার বিলের পরিমান লিখুন।
ঙ. আপনার কাস্টমার আইডি লিখুন।
চ. কাউন্টার নাম্বার ০ লিখুন।
ছ. আপনার বিকাশ পিন নাম্বার দিয়ে পেমেন্টটি সম্পূর্ণ করুন।

**২. ডিজিটাল পেমেন্টঃ**
আমাদের ইউজার পোর্টাল care.plus.net.bd থেকে খুব সহজে আপনি আপনার বিল পরিশোধ করতে পারেন।
ক. Care.plus.net.bd এই ওয়েবসাইটে প্রবেশ করুন।
খ. Billing মেনুটি সিলেক্ট করুন।
গ. পেমেন্ট অপশনটি সিলেক্ট করুন।
ঘ. এখানে আপনার মাসিক ইনভয়েসটি দেখতে পাবেন আপনি চাইলে Number Of Month অপশন থেকে একের অধিক মাসের বিল একসাথেই পরিশোধ করতে পারবেন।
ঙ. এখন Pay Now সিলেক্ট করলে আপনি আমদের ডিজিটাল পেমেন্ট পার্টনার Foster Payment এর ওয়েবসাইটে রিডাইরেক্ট হবেন
চ. এখান থেকে আপনি চাইলে বিকাশ, এম-ক্যাশ, ইউ-পে, ডি-মানি, শিওর-ক্যাশ, নগদ, ওকে-ওয়ালেট, ভিসা কার্ড, মাস্টার কার্ড, আমেরিকান এক্সপ্রেস এর মাধ্যমে আপনার বিল পরিশোধ করতে পারবেন, আপনি এখান থেকে আপনার সুবিধা মত অপশন সিলেক্ট করে Pay Now অপশন সিলেক্ট করুন।
ছ. পেমেন্ট করার পর Transaction ID চাইলে সেটি প্রদান করে কনফার্মেশনের জন্য ৫-১০ সেকেন্ড অপেক্ষা করুন।
জ. পেমেন্ট কমপ্লিট হলে আপনাকে জানানো হবে এবং আপনাকে পুনরায় care.plus.net.bd তে আপনার ইউজার পোর্টালে নিয়ে আসা হবে।


## আমাদের ভ্যেলু-এডেড সার্ভিস সমূহঃ

দ্রুত গতির ইন্টারনেট সার্ভিস প্রদানের পাশাপাশি ইউজার এক্সপিরিয়ান্স বৃদ্ধির জন্য আমাদের রয়েছে অসাধারণ এবং জনপ্রিয়ও সব সেবা। এর বেশির ভাগ সেবাই আমরা বিনামূল্যে প্রদান করে থাকি আর সল্প কিছু সেবা আপনি নামমাত্র মাসিক বিল প্রদানের মাধ্যমে ব্যবহার করতে পারেন।

১. **Ctghall** - www.ctghall.com
আপনি যদি মুভি, টিভি-সিরিজ দেখতে পছন্দ করেন তাহলে এই সাইট হতে 100mbps স্পিডে আপনি স্ট্রিমিং বা ডাউনলোড করতে পারবেন নতুন/পুরাতন সব ধরেন কন্টেন্ট। এছাড়াও প্রতিনিয়ত ব্যবহারকারির অনুরধে পছন্দনীয় কন্টেন্ট সংযুক্ত করা হয়।

২. **Ctgstream** - www.ctgstream.com
নুতুন পুরাতন প্রায় ১৫০০০ থেকেও বেশি মুভি, টিভি-সিরিজ পাবেন এখানে।
ক. ব্রাউজার থেকে এই সাইট ভিসিট করে “Auto Login” এর মাধ্যমে দেখতে পারবেন সকল কন্টেন্ট।
খ. অ্যান্ড্রয়েড স্মার্ট ফোন কিংবা টিভির জন্য এই অ্যাপটি ডাউনলোড করুনঃ https://bit.ly/2MzI80J

নিম্নের ইন্সট্রাকশান ফলো করে আমাদের সার্ভারে কানেক্ট করুন এবং উপভোগ করুন আনলিমিটেড কনটেন্ট স্ট্রিমিং বিনামুল্যেঃ





৩. **FTP** - fs.plus.net.bd
এটি মুলত একটি ফাইল সার্ভার এখান থেকে আপনি সকল প্রয়োজনীয় সফটওয়্যার এবং নতুন সকল গেমস ডাউনলোড করতে পারবেন।

৪. **Plusbox** - www.plusbox.tv
আমাদের অন্যতম জনপ্রিয় সেবা Plusbox এর মাধ্যমে সরাসরি ব্রাউজার বা আপনার অ্যান্ড্রয়েড স্মার্ট ফোন কিংবা টিভিতে অ্যাপ ইন্সটল করে উপভোগ করতে পারবেন প্রায় ৮০ এর বেশি জনপ্রিয় টিভি চ্যানেল একদম বিনামূল্যে । অ্যাপটি ডাউনলোড করুনঃ https://bit.ly/2MrJ1sl

## ৫. Pluscloud - cloud.plus.net.bd

আপনার গুরুত্বপূর্ণ সব ফাইল সিকিউরলি স্টোর করতে এবং দ্রুতগতিতে যেকোনো ইন্টারনেট প্রোভাইডার থেকে ফ্রিতে এক্সেস এবং ডাউনলোড করতে আমাদের এই সেবা। প্রতি গ্রাহকের জন্য এখানে রয়েছে 15GB ফ্রি স্টোরেজ সুবিধা, আপনি যেকোনো ব্রাউজার থেকে এই সেবাটি ব্যবহার করতে পারবেন এছাড়াও নিম্নের অ্যাপটির মাধ্যমে আপনি আপনার স্মার্টফোন থেকে সকল ছবি, ভিডিও কিংবা ফাইল Auto Syncing এর মাধ্যমে আপনার প্লাসক্লাউড একাউন্টে আপলোড করতে পারবেন।
অ্যাপটি ডাউনলোড করুনঃ https://bit.ly/36BOELZ




## ৬. Jadoo IPTV

জাদু ডিজিটাল দেশের অন্যতম বড় আই.পি. টিভি সার্ভিস প্রোভাইডার, জাদুর সাথে প্লাসনেটের পার্টনারশিপের মাধ্যমে আমাদের ইউজারগন মাসিক মাত্র ২৫০ টাকা বিল প্রদানের মাধ্যমে উপভোগ করতে পারবেন ২০০টির ও বেশি HD টিভি চ্যানেল। আপনার অ্যান্ড্রয়েড স্মার্ট ফোন কিংবা টিভিতে গুগোল প্লে-স্টোর থেকে Jadoo IPTV অ্যাপটি ডাউনলোড করুনঃ https://bit.ly/36sSOp3

## ৭. Plusone

প্লাসওয়ান আমাদের অফিশিয়াল ইউজার অ্যাপ, এই অ্যাপটির মাধ্যমে আপনি আমাদের সকল সেবা একই ড্যাশবোর্ডে পেয়ে যাবেন যেমনঃ সহজে আপনার রাউটারে লগিন করা, মুভি, টিভি-সিরিজ দেখা, বিল প্রদান, সাপোর্টে যোগাযোগ ইত্যাদি। অ্যাপটি ডাউনলোড করুনঃ https://bit.ly/39xQxLy

## ৮. Binge

বিঞ্জ রবির একটি অফিশিয়াল টিভি এবং ভিডিও অন ডিমান্ড বা স্ট্রিমিং সার্ভিস, বর্তমানে বাংলাদেশের একটি অন্যতম অনলাইন স্ট্রিমিং সার্ভিস। প্লাসনেট এবং বিঞ্জ পার্টনারশিপের মাধ্যমে আপনি এখন থেকে কোন ধরনের বাফার ছাড়াই আপনার স্মার্টফোন কিংবা অ্যান্ড্রয়েড টিভিতে ব্যবহার করতে পারছেন বিঞ্জের অসাধারণ সব সেবা। বিঞ্জ অ্যাপটি ডাউনলোড করুনঃ https://bit.ly/3coDNbH

## ৯. IPTSP – IP Telephony

আমাদের রয়েছে আই.পি. টেলিফোনি সুবিধা, আপনার ডেস্কটপ, ল্যাপটপ অথবা স্মার্টফোনে যেকোনো আই.পি. টেলিফোনি অ্যাপের মাধ্যমে আমাদের থেকে পাওয়া SIP সার্ভার, ইউজার নেম এবং পাসওয়ার্ড কনফিগার করে ডোমেস্টিক কিংবা ইন্টারন্যাশনাল কল করতে পারেন খুবই কম খরচে তাছাড়া রয়েছে দেশব্যাপী আই.পি.ফোন থেকে আই.পি ফোনে ফ্রি কলিং সুবিধা। সেবাটি পেতে আমাদের কল সেন্টারে যোগাযোগ করুন।

**১০. Octoplus - Web Hosting**
অক্টোপ্লাস আমাদের একটি ওয়েব হোস্টিং সেবা, আপনি আপনার ব্যাক্তিগত অথবা প্রাতিষ্ঠানিক ডোমেইন/ওয়েবসাইট কে আমাদের এই সার্ভারে হোস্ট করতে পারেন আমাদের রয়েছে বাংলাদেশের অন্যতম সিকিউর এবং রোবাস্ট ডাটা সেন্টার। আমাদের হোস্টিং সার্ভিস BDIX এর সাথে সংযুক্ত হওয়ার কারনে সমগ্র বাংলাদেশ ব্যাপি খুব দ্রুত স্পিডে এমনকি ইন্টারনেট ছাড়াই বাংলাদেশের লোকাল এক্সচেঞ্জ এর মাধ্যমে ওয়েব সেবা নিতে পারবে, আমাদের সকল স্টোরেজ পিউর Nvme SSD তে করা এছাড়াও আমাদের রয়েছে উন্নত মানের ক্যাশিং, প্রফেশনাল ইমেইল ও জিরো ডাউন টাইম সুবিধা। বিস্তারিত জানতে অথবা আমাদের এই সেবা নিতে ভিসিট করুনঃ www.octoplusbd.com


## গুরুত্বপূর্ণ টিপস

**কি ধরনের ওয়াইফাই রাউটার ব্যবহার করবেন?**
মনে রাখবেন রাউটার হল অনেকটা আপনার বাসার ডেস্কটপ/ল্যাপটপ এর মত এতে RAM, ROM, Processor ইত্যাদি থাকে, আমাদের সেবা নিরবিচ্ছিন্নভাবে উপভোগ করতে আপনার সবচাইতে গুরুত্বপূর্ণ ডিভাইস হল ওয়াইফাই রাউটার এটিই আমাদের ইন্টারনেট বা অন্যান্য সেবা রিসিভ করে আপনার বাসা কিংবা অফিসের অন্যান্য সকল ডিভাইসে পৌঁছে দেয়, বর্তমান সময়ের ওয়াইফাই রাউটারের ক্ষেত্রে সবচাইতে বড় সমস্যা হল কমমূল্যের 2.4Ghz রাউটার গুলোর ফ্রিকুয়েন্সি ওভারলেপিং এবং দুর্বল চিপসেট, এর একমাত্র সমাধান হল 5Ghz ওয়াইফাই টেকনোলজি। রাউটার সিলেকশনের ক্ষেত্রে ভাল বাজেট রাখতে হবে। আমরা রিকমেন্ড করব Asus, Netgear অথবা TP-Link Archer সিরিজের রাউটারগুলো।

**সংযোগে সমস্যা এবং সমাধানঃ**
আপনার ইন্টারনেট ব্যাবহারে বেসিক কিংবা কমন কিছু সমস্যার সমাধান আপনি নিজেই করে নিতে পারেন যেমনঃ

**ক.** অনেকসময় অতিরিক্ত ব্যবহারকারি কিংবা রাউটারের চিপসেটের তাপমাত্রা বেড়ে যাওয়ার কারনে আপনার ইন্টারনেট স্লো কিংবা কাজ না করতে পারে এর জন্য রাউটারের বর্তমান Password বদলে ফেলুন এবং রাউটারটি কিছুসময়ের জন্য বন্ধ করে পুনরায় চালু করুন।
**খ.** আপনার বাসায়/অফিসে আমাদের একটি ONU ডিভাইসের মাধ্যমে অপটিক্যাল সিগন্যালকে কনভার্ট করে আপনার রাউটারে পৌঁছে দি, এর জন্য ONU ডিভাইসটি একই সাথে আমাদের এন্ডের ডিস্ট্রিবিউশন ডিভাইসে PON এবং আপনার এন্ডের রাউটার কিংবা আপনার ডেক্সটপ/ল্যাপটপ এর সাথে LAN এর মাধ্যমে সংযোগ স্থাপন করে, এরমধ্যে কোন একটি বিচ্ছিন্ন হলে আপনার ইন্টারনেট কাজ করবে না আপনি খুব সহজে এটি মনিটর করে ট্রাবলশুট করতে পারেন।

Power: এটি ডিভাইসের পাওয়ার ইন্ডিকেট করে, এটি জ্বলছে মানেই আপনার ONU অন আছে।




LOSS: আপনার বাসা কিংবা অফিসে আমাদের সংযোগটি অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে গিয়েছে এবং কোন কারনে এই ফাইবার কাটা পড়লে এই লাইটটি লাল হয়ে জ্বলবে, সেক্ষেত্রে আপনি অবশ্যই আমাদের কল সেন্টারে যোগাযোগ করবেন।

PON: এই লাইটটি সবসময় জ্বলে থাকবে যদি এটি ব্লিঙ্কিং করে বা না জ্বলে তার অর্থ হল কোন কারনে এটি আমাদের এন্ডের ডিভাইসের সাথে যোগাযোগ করতে পারছে না সেক্ষেত্রে আপনি ONU এর PON পোর্টে আমাদের যে প্যাচকর্ডটি লাগানো আছে সেটি সাবধানে খুলে পুনরায় ভালভাবে লাগিয়ে দেখতে পারেন এরপর ও আপনার ইন্টারনেট সংযোগ কাজ না করলে অবশ্যই আমাদের কল সেন্টারে যোগাযোগ করবেন।

LAN: এই লাইটটি আপনার রাউটার এবং অনুর সংযোগ ঠিক আছে কিনা তা ইন্ডিকেট করে কোন কারনে যদি এটি নিভে থাকে সেক্ষেত্রে ONU থেকে আপনার রাউটারের LAN ক্যাবলটি চেক করুন এবং ক্যাবলটি দুই প্রান্ত থেকে খুলে পুনরায় লাগান, আপনার রাউটারের পাওয়ার আছে কিনা চেক করুন এরপরও যদি লাইটটি না জ্বলে আমাদের সাথে যোগাযোগ করুন।

রাউটার সেটআপ টিউটোরিয়ালঃ
Asus Wi-Fi Router Setup: https://bit.ly/2YyxPwE
TP-Link Wi-Fi Router Setup: https://bit.ly/39ttjWF অথবা https://bit.ly/2MiJJIH
Netgear Router Setup: https://bit.ly/36s0k6M
D-Link Wi-Fi Router Setup: https://bit.ly/3oyvm07
Tenda Wi-Fi Router Setup: https://bit.ly/3a01Rcm
Mi Router Setup: https://bit.ly/2Yt6099

---

সাপোর্টের জন্য কাস্টমার কেয়ারে যোগাযোগ করুনঃ
হটলাইনঃ ০৯৬৩৮-৫৫৫-৫৫৫ অথবা ০১৮৮৫ ০০৯-০০০ অথবা ০৯৬৩৯-৬৬৬-৬৬৬
ফেসবুক পেজঃ www.fb.com/plusnetinc | ভিজিট করুন আমাদের ওয়েবসাইটঃ www.plus.net.bd

**আমাদের সেবা প্রতিনিধিদের নিয়ে কোন ধরনের অভিযোগ কিংবা আমাদের গ্রাহক সেবা বৃদ্ধির জন্য কোন পরামর্শ জানাতে আমাদের ইমেইল করুনঃ complain@plus.net.bd**

**ব্যবহারকারির জন্য গুরুত্বপূর্ণ শর্তাবলিঃ**
১. প্রতিটি সেবা শুধুমাত্র ৩০ দিনের জন্য ভ্যালিড।
২. প্লাসনেট প্রদত্ত সকল যন্ত্রপাতি যেমনঃ Fiber Cable, TJ-BOX, ONU, Patch Cord, UTP Cable ইত্যাদি শুধু মাত্র প্লাসনেটের সম্পত্তি। প্লাসনেটের সেবা বিচ্ছিন্ন করা মাত্র সকল যন্ত্রপাতি আমাদের প্রতিনিধিকে ফেরত দিতে বাধ্য থাকবে।

---